# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট এর ০১টি স্থায়ী শূন্য ক্রাফট ইন্সট্রাক্টর (মেকানিক্যাল) পদে নিম্নে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে জনবল নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ-

| পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ক্রাফট ইন্সট্রাক্টর (মেকানিক্যাল)<br>১১,০০০-২৬,৫৯০/-<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫)<br>১৩তম গ্রেড | ০১ টি | প্রার্থীকে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং পাসসহ স্নাতক/সমমান-এ ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ৪.০০ স্কেলে ২.৭৫ থাকতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনে কোনো পর্যায়ে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ (৫.০০ স্কেলে)-এর নীচে গ্রহণযোগ্য নয়। প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০২ বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ৬ মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। |

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতির নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রার ঢাকা বিশ্ববিদ্যালয়- এর অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবরে দরখাস্ত আগামী ১৮ আগস্ট, ২০২৬ খ্রীস্টাব্দ/০৩ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ তারিখের মধ্যে পরিচালক, লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়- এর অফিসে পৌঁছাতে হবে।

চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।